



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থা/জেডিসি-১৬/১০৭৫

তারিখঃ ৩০/১০/২০১৬খ্রিঃ

বিষয় : সরকারি সিদ্ধান্ত মোতাবেক “সম্পূর্ণ সুষ্ঠু ও রীতিমত পরিবেশে পাবলিক পরীক্ষা গ্রহণ” কর্মসূচি সফল করার লক্ষ্যে আসন্ন জেডিসি পরীক্ষা-২০১৬ গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, সরকার পাবলিক পরীক্ষা রীতিমত সুষ্ঠু পরিবেশে গ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে ইতোমধ্যে ব্যাপক গণসচেতনতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করেছে। একই বিষয়ে সম্ভাব্য সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ড কর্তৃপক্ষকেও নির্দেশ দেয়া হয়েছে।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড সমগ্র বাংলাদেশে একটি মাত্র শিক্ষা বোর্ড। সম্পূর্ণ সুষ্ঠু ও রীতিমত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে মাদরাসা পরীক্ষা কেন্দ্রসমূহ সার্বক্ষণিক পরিদর্শন প্রয়োজন। এক্ষেত্রে আপনার বোর্ডের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের জন্য গঠিত ভিজিটেশন টীম এর সদস্যদের দ্বারা আপনার আওতাধীন জেলা ও উপজেলাসমূহের মাদরাসা পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনের মাধ্যমে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডকে সহযোগিতা করার জন্য অনুরোধ করছি।

বর্ণিত অবস্থায় এ বিষয়ে আপনার প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রফেসর এ, কে, এম, হাফেজ উল্লাহ
চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট ও দিনাজপুর।

নং- বামাশিবো/সংস্থা/জেডিসি-১৬/১০৭৫(৪)

তারিখঃ ৩০/১০/২০১৬খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)
৩. মাননীয় শিক্ষা সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

প্রফেসর এ, কে, এম, হাফেজ উল্লাহ
চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬